

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০. ১১০৬

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩২
২৬ নভেম্বর ২০২৫


বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের ২য় কিস্তির নির্ভুল পে-রোল প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের উপকারভোগীর MFS হিসাব এবং এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে G2P পদ্ধতিতে ভাতার অর্থ প্রেরণ করা হচ্ছে। সঠিক উপকারভোগীদের নিকট ভাতার অর্থ নির্ভুলভাবে প্রেরণের লক্ষ্যে উপকারভোগীদের লাইফ ভেরিফিকেশন সম্পন্ন করে ২০২৫-২৬ অর্থবছরের ২য় কিস্তির অর্থ উপকারভোগীদের অনুকূলে প্রেরণের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা/শহর সমাজসেবা অফিসার কর্তৃক নির্ভুল পে-রোল প্রেরণ আবশ্যিক।

২। তাঁর আওতাধীন বিভিন্ন উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় থেকে ২য় কিস্তির পে-রোল প্রেরণের পূর্বে উপকারভোগীদের আবেদনের ভিত্তিতে হিসাব নম্বর পরিবর্তনসহ প্রয়োজনীয় তথ্য MIS-এ সংশোধন করা অত্যাবশ্যিক। তাছাড়া লাইফ ভেরিফিকেশনে যে সকল উপকারভোগীর মৃত্যুর তথ্য পাওয়া গিয়াছে, নীতিমালা মোতাবেক তাদের প্রতিস্থাপন আবশ্যিক। উল্লেখ্য, যারা মৃত্যুবরণ করেছেন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তাদের মৃত্যুর সঠিক তথ্য স্ব স্ব দপ্তরে সংরক্ষণ করতে হবে।

৩। বর্গিতাবস্থায়, তাঁর আওতাধীন উপজেলা/ শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক ১ ডিসেম্বর থেকে ১৫ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে ২০২৫- ২০২৬ অর্থ বছরের ২য় কিস্তির নির্ভুল পে-রোল (কেবলমাত্র যাচাইকৃত) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)
.....


(মোঃ মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
ফোন: ০২-৪৪৮২৬৮০১

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল),.....।
৬. সমাজসেবা অফিসার, উপজেলা / শহর সমাজসেবা কার্যালয় (সকল),.....।